# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

২৪। আপনার খানা যদি খাদেম প্রস্তুত করে, তাহলে সেই খাবারে খাদেমকেও শরীক করুন

যেহেতু সে ঐ খাবারের পিছনে মেহনত করেছে, তার সুগন্ধ তার পেটে গেছে এবং হয়তো বা তার মন ঐ খাবারের প্রতি আকৃষ্ট হয়েছে। এই জন্যই দয়ার রসূল (ﷺ) এর নির্দেশ হল, তাকে বসিয়ে এক সাথে খান। আর তাকে বসানো যদি সম্ভব না হয় বা সে বসতে না চায়, তাহলে সেই খাবার হতে কিছু অংশ তুলে তাকে দিয়ে খান।[1]

ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৪৬০, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/১৬৬৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=6979

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন